# 3 Yr. Degree/4 Yr. Honours 2nd Semester Examination, 2024 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG2011 (MAJOR)

2288

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the right hand margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত চর্যাগীতিকোষের পুথি কী নামে কোন সংস্থা প্রকাশ করে?

(খ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার অবিকৃত প্রাচীন রূপটি কোন গ্রন্থে পাওয়া যায়? ওই গ্রন্থটির রচয়িতার নাম লেখো।

(গ) জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল' প্রথম সম্পাদনা কে বা কারা করেন? বই আকারে 'চৈতন্যমঙ্গল' প্রথম কবে প্রকাশিত হয়?

(ঘ) কবি বিদ্যাপতি কোন ভাষায় বৈষ্ণবপদ রচনা করেন? 'দ্বিতীয় বিদ্যাপতি' অভিধায় কাকে ভূষিত করা হয়?

(ঙ) 'অষ্টকাণ্ড রামায়ণ' কে বা কারা রচনা করেন?

(চ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের নাম লেখো। মহাভারতের অন্য একজন অনুবাদকের নাম উল্লেখ করো।

(ছ) 'চৈতন্যলীলার ব্যাস'—বলা হয় কোন চৈতন্যজীবনীকারকে? কে তাঁকে এই অভিধায় ভূষিত করেন?

(জ) ধর্মমঙ্গলের কবিরা লাউসেনের কাহিনির আদি রচয়িতা হিসাবে কার নাম তাঁদের কাব্যে উল্লেখ করেছেন? 'ধর্মমঙ্গল' কোন অঞ্চলের জাতীয় কাব্য?

(ঝ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? দ্বিজমাধব কোন শতকের কবি ছিলেন?

(ঞ) আলাওল রচিত 'পদ্মাবতী' কাব্যটির কাহিনি কার, কোন গ্রন্থ থেকে অনুসৃত হয়েছিল?

(ট) জ্ঞানদাস কোন শতকের কবি ছিলেন? কোন শ্রেণির বৈষ্ণবপদ রচনার জন্য তাঁর খ্যাতি?

(ঠ) কৃত্তিবাসের আত্মবিবরণী সর্বপ্রথম কে, কবে প্রকাশ করেন?

(ড) 'গোরক্ষবিজয়' কার লেখা? বাংলায় প্রচলিত নাথ-সাহিত্যের যে-কোনো দুটি কাহিনির নাম লেখো।

(ঢ) ময়মনসিংহ জেলা থেকে কোন ব্যক্তি কোন পত্রিকায় প্রথম ময়মনসিংহ লোকগাথা প্রকাশ করেন?

(ণ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের খণ্ড সংখ্যা লেখো। শেষ খণ্ডটির নাম উল্লেখ করো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাংলা মঙ্গলকাব্যগুলির সাধারণ বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(খ) শাক্তপদাবলী সাহিত্যধারার উদ্ভবের সামাজিক পটভূমি আলোচনা করো।

(গ) বিদ্যাপতির কবিপ্রতিভা বিষয়ে সংক্ষেপে তোমার মত দাও।

(ঘ) শিবায়ন কাব্যধারায় কবি রামেশ্বর ভট্টাচার্যের কবিপ্রতিভার পরিচয় দাও।

(ঙ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) আরাকান রাজসভার কবি হিসাবে দৌলত কাজীর কবিপ্রতিভার মূল্যায়ন করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক গুরুত্ব ও কাব্যমূল্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কৃত্তিবাস ওঝার রামায়ণ কাব্যের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।

(গ) বাংলাদেশের সাহিত্য ও সমাজজীবনে চৈতন্যদেবের প্রভাবের স্বরূপ আলোচনা করো।

(ঘ) উদার অসাম্প্রদায়িক মানবপ্রেমের মহিমা বর্ণনার দিক থেকে বাংলা সাহিত্যে 'ময়মনসিংহগীতিকা'র গুরুত্ব আলোচনা করো।

———